CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2022/TDC(CBCS)/EVEN/SEM/**
**BNGDSC/GEC–201T/015**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

**( 2nd Semester )**

Course No. : BNGDSC/GEC–201T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ]**

*পূর্ণমান* : ৭০

উত্তীর্ণমান : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

১। শ্রীরামপুর মিশন প্রতিষ্ঠার প্রধান উদ্যোগী কে ছিলেন?

২। শ্রীরামপুর মিশন পরিচালনার সঙ্গে যুক্ত যে কোনো একজন বাঙালি ব্যক্তিত্বের নাম লেখো।

৩। ফোর্ট উইলিয়ম কলেজ কত সালে প্রতিষ্ঠিত হয়?

৪। রামমোহন রায় সম্পাদিত পত্রিকাটির নাম কী?

৫। বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন্ গ্রন্থের বঙ্গানুবাদ?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৬। 'যুগসন্ধির কবি' কাকে বলা হয়?

৭। মধুসূদনের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

৮। বিহারীলালের যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৯। 'চিত্রা' কাব্যগ্রন্থটি কার রচনা?

১০। জীবনানন্দ দাশের জন্মসাল কত?

১১। মধুসূদন দত্তের 'একেই কি বলে সভ্যতা?' কী জাতীয় রচনা?

১২। দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটির প্রকাশকাল কত?

১৩। গিরিশচন্দ্র ঘোষের যে কোনো একটি পৌরাণিক নাটকের নাম লেখো।

১৪। 'সীতা' নাটকটি কার রচনা?

১৫। দ্বিজেন্দ্রলাল রায়ের প্রথম ঐতিহাসিক নাটক কোনটি?

১৬। বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস কোনটি?

১৭। 'নৌকাডুবি' উপন্যাসটি কার লেখা?

১৮। শরৎচন্দ্রের ছদ্মনাম কী?

১৯। শরৎচন্দ্রের 'শ্রীকান্ত' উপন্যাসটি কয়টি খণ্ডে বিভক্ত?

২০। বিভূতিভূষণের 'পথের পাঁচালী' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়?

২১। 'পোস্টমাস্টার' ছোটগল্পটি কার রচনা?

২২। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের যে কোনো একটি গল্পগ্রন্থের নাম লেখো।





২৩। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান কোথায়?

২৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান কোথায়?

২৫। মানিক বন্দ্যোপাধ্যায়ের 'অতসী মামী' গল্পগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

## SECTION—B

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

২৬। শ্রীরামপুর মিশন প্রতিষ্ঠার যে কোনো দুটি উদ্দেশ্যের উল্লেখ করো।

২৭। রামমোহন রায় রচিত যে কোনো দুটি গ্রন্থের নাম লেখো।

২৮। কে, কাকে 'ভোরের পাখি' অভিধায় ভূষিত করেন?

২৯। জীবনানন্দ দাশের যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৩০। মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' নাটকটি কার, কোন্ গ্রন্থ অনুসরণে রচিত?

৩১। দীনবন্ধু মিত্রের যে কোনো দুটি প্রহসনের নাম লেখো।

৩২। বঙ্কিমচন্দ্রের যে কোনো দুটি সামাজিক উপন্যাসের নাম লেখো।

৩৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কোন্ উপন্যাসের জন্য, কত সালে রবীন্দ্র পুরস্কার পেয়েছিলেন?

৩৪। মানিক বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দুটি গল্পের নাম লেখো।

৩৫। 'রামধনু' গল্পসংকলনটি কার রচনা? এটি কত সালে রচিত হয়েছিল?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। বাংলা গদ্যচর্চার উন্মেষপর্বে শ্রীরামপুর মিশনের যে অবদান ছিল তা আলোচনা করো।

৩৭। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে রাজা রামমোহন রায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

৩৮। বাংলা কবিতার ধারায় মধুসূদন দত্তের কবি-কৃতিত্বের পরিচয় দাও।

৩৯। প্রকৃতির কবি হিসেবে কবি জীবনানন্দ দাশের কবি-প্রতিভার স্বাতন্ত্র্য কোথায় তা আলোচনা করো।

৪০। বাংলা নাটকের ক্রমবিকাশের ধারায় দীনবন্ধু মিত্রের অবদান বিষয়ে আলোচনা করো।

৪১। গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলো সম্পর্কে আলোচনা করো।

৪২। বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান সম্পর্কে আলোচনা করো।

৪৩। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে লেখকের প্রকৃতি-চেতনার স্বরূপ আলোচনা করো।

৪৪। বাংলা ছোটগল্পের ধারায় মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

৪৫। পরশুরামের গল্পরচনার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

★★★